গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা অধিশাখা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মল্লিকা খাতুন<br>যুগ্ম সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটি |
| সভার তারিখ | ১৯ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩.০০ টা |
| স্থান | মিনি কনফারেন্স রুম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপসচিব (চিকিৎসা শিক্ষা শাখা-১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪” সভায় উপস্থাপন করেন। তিনি ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানান।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়। ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪’ এর ক্রমিক ১.১ অনুযায়ী সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ হালনাগাদ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য কম্পিউটার সেলে প্রেরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। সভাপতি হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করার পূর্বে কি কি বিষয় সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে সে সংক্রান্ত পত্র জারী করে তা প্রমাণক হিসাবে সংযুক্ত করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানান।

০৩। কমিটির সদস্য সচিব আরো অবহিত করেন যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির আ্ওতাভুক্ত ‘চিকিৎসকদের চিকিৎসা শাস্ত্রে উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন’ সেবাটি যথাযথভাবে প্রদান করা হচ্ছে কিনা তা মনিটর করার জন্য কমিটির আহ্বায়ক কর্তৃক বর্ণিত সেবা সংশ্লিষ্ট চিকিৎসা শিক্ষা-১ শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বর্ণিত সেবা সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার সাথে আলোচনা এবং নথিপত্র পর্যালোচনায় প্রতিশ্রুতি অনুযায়ী সেবাটি প্রদান করা হচ্ছে মর্মে দেখা যায় বলে জানান। সভাপতি এ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল ধরণের সেবা প্রদান নিশ্চিতকরণ এবং অধীনস্থ অফিসসমূহে একইভাবে সেবা প্রদান করা হচ্ছে কী না তা যথাযথভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে অধিদপ্তরের কর্মকর্তা ও ঢাকাস্থ নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষদের জন্য ঢাকায় এবং ঢাকার বাইরের নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষদের জন্য অনলাইনে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়।

০৫।	অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট |
| ০২ | মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করার পূর্বে কি কি বিষয় সংশোধন/সংযোজন/বিয়োজন করা হয়েছে সে সংক্রান্ত পত্র জারী করে তা প্রমাণক হিসাবে সংযুক্ত করতে হবে। | সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল ধরণের সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং অধীনস্থ অফিসসমূহে একইভাবে সেবা প্রদান করা হচ্ছে কী না তা যথাযথভাবে মনিটরিং করতে হবে | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক যথাযথভাবে নির্দিষ্ট সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মল্লিকা খাতুন
যুগ্ম সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি
সংক্রান্ত কমিটি

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৯.৯৯.০০৫.২২.৮২	তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

২) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

৪) মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

৬) যুগ্মসচিব, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৭) যুগ্মসচিব, ক্রয় ও সংগ্রহ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৮) উপসচিব, জনসংখ্যা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৯) উপসচিব, প্রশাসন-২ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১০) উপসচিব, চিকিৎসা শিক্ষা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১২) প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

মল্লিকা খাতুন
যুগ্ম সচিব

## সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪-এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩)
## বিভাগ: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সুচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | | ২য় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) অর্জন/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| প্রাতিষ্ঠানিক কার্যক্রম | ১৫ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ। | [১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | সংখ্যা | ১০ | ৪ | ৩ | ২ | ১ | - | ১ |
| | | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। | [১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | সংখ্যা | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - | ১ |
| বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন | ১০ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। | [২.১.১] সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ১ |
| | | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা /কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। | [২.২.১] প্রশিক্ষণ/সেমিনার/ কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৬ | ১ | - | - | - | - | - |

মল্লিকা খাতুন
যুগ্ম সচিব ও আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটি